শেরেবাংলা কৃষিবিশ্ববিদ্যালয়
Sher-e-Bangla Agricultural University
শেরেবাংলানগর, ঢাকা- ১২০৭

স্মারকনং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৭)/২০২১/২২৮ তারিখঃ২৪-০২-২০২৫

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জানুয়ারী-জুন/২০২৪ সেমিস্টারে কৃষি; এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট; এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন; ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স অনুষদভুক্ত নিম্নোল্লিখিত বিভাগসমূহে, ফুড সেফটি ও এগ্রিকালচারাল জার্নালিজম বিষয়ে এমএস প্রোগ্রামে পর্যাপ্ত আসন না থাকায় শুধুমাত্র আভ্যন্তরীন শিক্ষার্থীদের জন্য এবং কৃষি অনুষদের প্রযোজ্য বিভাগসমূহে পিএইচডি প্রেগ্রামে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

০১. এমএস, কৃষি অনুষদ ঃ

যোগ্যতা ঃ শেকৃবি থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে।

বিভাগসমূহঃ এগ্রিকালচারাল বোটানী, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রোফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, এগ্রোনমী, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজী, বায়োটেকনোলজী, এন্টোমোলজী, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজী ও সয়েল সায়েন্স।

০২. এমএস, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ ঃ

যোগ্যতা ঃ শেকৃবি থেকে কৃষি অর্থনীতিতে স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে।

বিভাগসমূহ ঃ কৃষি অর্থনীতি, ডেভেলপমেন্ট এন্ড পোভার্টি স্টাডিজ, কৃষিপরিসংখ্যান, এগ্রিকালচারাল ফিন্যান্স এন্ড ম্যানেজমেন্ট, এগ্রিবিজনেস এন্ড মার্কেটিং।

০৩. এমএস, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ ঃ

যোগ্যতা ঃ শেকৃবি থেকে B.Sc.Vet.Sci.&A.H.ডিগ্রিধারী হতে হবে।

বিভাগসমূহ ঃ এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং; এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট; এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি; ডেইরী সায়েন্স; মেডিসিন এন্ড পাবলিক হেলথ; মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি; প্যাথলজী; পোল্ট্রি বিজ্ঞান; সার্জারী এন্ড থেরিওজেনোলজি এবং ফার্মাকোলজী এন্ড টক্সিকোলজী।

০৪. এমএস, ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স অনুষদ ঃ

যোগ্যতা ঃ শেকৃবি থেকে B.Sc. in Fisheries ডিগ্রিধারী হতে হবে।

বিভাগসমূহ ঃ ফিশারিজ বায়োলজী এন্ড জেনেটিক্স; একোয়াকালচার; এবং ফিশিং এন্ড পোস্ট হার্ভেস্ট টেকনোলজি।

০৫. এমএস ইন ফুড সেফটি, শেকৃবি ঃ

যোগ্যতা ঃ শেকৃবি থেকে কৃষি অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

০৬. এমএস ইন এগ্রিকালচারাল জার্নালিজম, শেকৃবি ঃ

যোগ্যতা ঃ শেকৃবি থেকে কৃষি অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রিধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

০৭. পিএইচডি, কৃষি অনুষদ ঃ

যোগ্যতা ঃ

ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ কৃষি বিজ্ঞানে এমএস/এমফিল/এমএসসি ডিগ্রি অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয় থেকে সমমানের ডিগ্রি (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত)।

খ) স্নাতকোত্তর পর্যায়ের পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী (কমপক্ষে ৫০% নম্বর) অথবা CGPA ৪.০ এর মধ্যে ৩.০।

গ) শিক্ষকতা/গবেষণা/সম্প্রসারণে ২ বৎসর চাকুরীর অভিজ্ঞতা।

ঘ) স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর ২টি বৈজ্ঞানিক প্রকাশনা।

অথবা

B.Sc. Ag. (Hons.)/ সমমানের ডিগ্রিতে প্রথম শ্রেণী অথবা CGPA ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.৫ এবং এমএস পরীক্ষায় CGPA ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.৯ থাকা প্রার্থীগণ সরাসরি পিএইচডি কোর্সে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

বিভাগসমূহ ঃ এগ্রিকালচারাল বোটানী, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রোফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, এগ্রোনমী, এন্টোমোলজী, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজী এবং সয়েল সায়েন্স।

০৮. আবেদন করার নিয়ম ঃ

ক) আগামী ২৪/০২/২০২৫ হতে ০৩/০৩/২০২৫ তারিখের মধ্যে এমএস ও পিএইচডি প্রোগ্রামের আবেদন ফরম ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়, শেকৃবি হতে অফিস খোলা থাকাকালীন সরাসরি সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সংগ্রহকারীগণকে (এমএস ভর্তির আবেদন ফরমের মূল্য ৬০০/- টাকা এবং পিএইচডি ভর্তির আবেদন ফরমের মূল্য ১০০০/- টাকা মাত্র) পূরণকৃত আবেদন ফরম ০৩/০৩/২০২৫ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭ এর কার্যালয়ে জমা দিতে হবে।

খ) আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা এর চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি সংযোজন করতে হবে।

গ) আবেদনকারীগণকে আবেদন ফরমে বিষয়ের পছন্দক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। পূরণকৃত আবেদন ফরমে বিষয়ের পছন্দক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক জমাদানের পর কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

ঘ) চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট উচ্চশিক্ষার জন্য কর্তৃপক্ষের অনুমতিপত্রের কপি ভর্তি ফরমের সাথে সংযোজন করতে হবে। চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে। ভর্তির জন্য নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের এমএস প্রোগ্রামের জন্য গবেষণা ব্যয় হিসেবে এবং পিএইচডি প্রোগ্রামের জন্য বেঞ্চ ফি হিসেবে ৪০,০০০/- (চল্লিশহাজার) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয় এর ক্যাশ শাখায় জমা দিতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন গবেষণা ব্যয় বহন করা হবে না।

ঙ) নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের ক্লাস শুরুর এক মাসের মধ্যে নিয়োগকর্তার নিকট হতে প্রেষণাদেশ/শিক্ষাছুটির কপি স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান এবং ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ এর কার্যালয়ে জমা দিতে হবে।

চ) নির্বাচিত প্রার্থীগণের তালিকা ও ভর্তির সময় সূচি যথাসময়ে সংশ্লিষ্ট সকল বিভাগীয় চেয়ারম্যান ও ডিন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়ের নোটিশ বোর্ড এবং শেকৃবি ওয়েব সাইটে (www.sau.edu.bd) প্রকাশ করা হবে ।

ছ) **ক্লাস শুরু ঃ**
এমএস ও পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত বিভাগসমূহের ক্লাস আগামী ০৯/০৩/২০২৫ তারিখ হতে শুরু হবে।

জ) অসত্য, অসম্পূর্ণ এবং অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

২৪/২/২৫

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়